



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দূরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

অধ্যক্ষের কার্যালয়

সরকারি বি এল কলেজ, খুলনা

www.blcollege.edu.bd



২য় মেধায় ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি

১। ভর্তির তারিখ (২য় মেধা তালিকায় উত্তীর্ণ):

বিষয়ের নাম	ভর্তির তারিখ	বিষয়ের নাম	ভর্তির তারিখ
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসঃইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, অর্থনীতি	২০.১১.২০১৬ থেকে ২৪.১১.২০১৬	মার্কেটিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স, গণিত, ভূগোল, উদ্ভিদ, প্রাণি, পরিসংখ্যান, মনোবিজ্ঞান	২০.১১.২০১৬ থেকে ২৪.১১.২০১৬

বিঃ দ্রঃ উল্লিখিত তারিখের পর কোন ক্রমেই ভর্তি করা হবে না।

- ২। ২য় মেধা তালিকার স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ১৭.১১.২০১৬ থেকে ২৩.১১.২০১৬ তারিখ পর্যন্ত।
- ৩। বিষয়ভিত্তিক ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার রোল ও পিন নম্বর ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd/admissions থেকে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম (কলেজ কপি) ২ সেট ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছাত্র-ছাত্রীকে বিভাগ হতে সেমিনার ফিস বাবদ প্রয়োজনীয় টাকা পরিশোধ পূর্বক সেমিনার রশিদ গ্রহণ করতে হবে। ভর্তির আবেদন ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে ভর্তির ফি কলেজ অফিসে (প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে) জমা দিয়ে ভর্তি হতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৪। ভর্তি ফরমের সাথে একটি ছোট খামে ২ কপি ছবি (ছবির পিছনে নাম ও শ্রেণী রোল নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে (ছবিতে কোন প্রকার পিন/ স্ট্যাম্পের পিন লাগানো যাবে না)। এছাড়াও পরিচয়পত্রের জন্য অতিরিক্ত ১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি (নাম ও রোল নম্বর লিখে) স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।
- ৫। ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় এস. এস. সি ও এইচ. এস. সি পাসের মূল নম্বর ফর্দ আনতে হবে। মূল নম্বর ফর্দ ছাড়া ভর্তি করা হবে না সংশ্লিষ্ট বিভাগে এইচ.এস.সি পাসের মূল নম্বর ফর্দ জমা রাখতে হবে।
- ৬। শিক্ষার্থী এ কলেজে অথবা অন্য কোন কলেজে অনার্স অথবা ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি থাকলে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ আনতে হবে।
- ৭। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে এবং ভর্তির সময় প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- ৮। মুক্তিযোদ্ধা/আদিবাসি/ দৃষ্টি প্রতিবন্ধী কোটায় (ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ) ভর্তির তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- ৯। ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর ফর্দ ও প্রশংসাপত্র এবং সেমিনার রসিদ এর ফটোকপি (বিভাগ কর্তৃক সত্যায়িত) করতে হবে। আবেদন ফরমের ১ সেট বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট কলেজ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।
- ১০। কলেজ অভ্যন্তরে অবস্থিত পশ্চিম পার্শ্বে (কলেজ মসজিদের পাশে) সোনালী ব্যাংক, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।
- ১১। ফিসাদি : মানবিক/ ব্যবসায় শিক্ষা = ২,৬৯০/- টাকা মাত্র (সেমিনার ফিস বাদে)।
বিজ্ঞান : পদার্থ, রসায়ন, গণিত, ভূগোল, মনোবিজ্ঞান, পরিসংখ্যান = ২,৮৪০/-, উদ্ভিদ ও প্রাণিবিদ্যা = ২,৭৯০/- মাত্র (সেমিনার ফিস বাদে)।
সেমিনার ফিসঃ মানবিক/ ব্যবসায় শিক্ষা = ১৬০০/- এবং বিজ্ঞান = ২২০০/- টাকা মাত্র।
শিক্ষা সফর ফি বাবদ ছাত্র প্রতি ৫০/= টাকা স্ব স্ব বিভাগ রশিদের মাধ্যমে আদায় করবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা